



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা - ৭৯৯ ০০১ □ পশ্চিম ত্রিপুরা।

রেফ নং :

তারিখ : 1-3-2016

No.7(1)-SWC/Pc/Un-dth/Sl.61 /2016 | 632-48

No.7(1)-SWC/Pc/Un-dth/Sl.62 /2016

প্রেস রিলিজ

দুটি ঘটনার তদন্তে মহিলা কমিশন-দোষীদের কঠোর শাস্তি দাবী করছে কমিশন

গত ২০ এবং ২৩শে ফেব্রুয়ারী স্থানীয় পত্রিকায় প্রকাশিত খবরের ভিত্তিতে গত ২৭শে ফেব্রুয়ারী মহিলা কমিশনের দুই সদস্যের এক প্রতিনিধিদল সোনামুড়া থানাধীন বড়পাথর এবং অপর আরেকটি কেইসের তদন্তে মেলাঘর থানাধীন শিবনগরে যান। দুটি ক্ষেত্রেই কথা বলেন মৃত্যুর পরিবারবর্গের সাথে। মৃত জয়ন্তী দেবনাথের মা পুষ্প রানী দেবনাথ জানান ১১ বছরের বিবাহিত জীবনে এক সন্তানের জননী। জয়ন্তী বিয়ের পর থেকেই শাশুড়ী দেওর এবং জা এর দ্বারা দৈহিক ও মানসিকভাবে নির্যাতিত হয়েছেন। স্বামী অমর দেবনাথের উপস্থিতিতেই দেওর দৈহিক নির্যাতন করে কিন্তু স্বামী কোন প্রতিবাদ করে নি। মৃত্যুর মা জানান মৃত্যুর ৩/৪ দিন আগে জয়ন্তী জানায় স্বামী, শাশুড়ী, দেওর এবং জা প্রচণ্ড মারধোর করে, মাথার চুল ছিড়ে ফেলে। দেওর কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয়। মৃত্যুর আত্মীয়স্বজন দোষীদের কঠোর শাস্তি দাবী করে।

মেলাঘর থানাধীন শিবনগরের কেইসটিতেও মৃত্যুর মা এবং পরিবারবর্গ জানান মৃত্যুর রীতা তার শাশুড়ী এবং দেওরের দ্বারা দৈহিক ও মানসিকভাবে নির্যাতিত হয়েছেন। বিয়েতে দেয়া আসবাবপত্র ভাল হয় নি এই নিয়ে শাশুড়ী প্রতিনিয়ত খোঁটা দিত। দেওর বিয়েতে প্রদেয় টি ভি এবং ড্রেসিং দাবিল ভেঙে ফেলে বলে মৃত্যুর মা অভিযোগ জানান। মৃত্যুর ৩/৪ মাস আগে মৃত্যুর স্বামী রাজীব পনের হাজার টাকা দাবী করে। কিন্তু টাকা দেয়া সম্ভব না হওয়াতে রীতার উপর নির্যাক্তন বৃদ্ধি পায় বলে মৃত্যুর মা জানান। রীতার গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয় বলে ধারণা মৃত্যুর মা এবং আত্মীয় স্বজনের।

কমিশন ঘটনা দুটির তীব্র নিন্দা করছে। সুষ্ঠু তদন্তক্রমে দোষীদের কঠোর শাস্তি দাবী করছে।

১/৩/২০১৬
সি.এ. সি.এ. সি.এ.
সি.এ. সি.এ. সি.এ.
সি.এ. সি.এ. সি.এ.



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ : 21-3-2016.

No.7(1)-SWC/PC/Un-deth/SI 95/16 | 983-92

No.7(1)-SWC/PC/Un-deth/SI 96/16

প্রেস রিলিজ

দুটি অস্বাভাবিক মৃত্যু- ঘটনার তদন্তে মহিলা কমিশন

গত ১৫ এবং ১৬ মার্চের স্থানীয় পত্রিকায় প্রকাশিত অগ্নিদগ্ধা গৃহবধুর মৃত্যু এবং প্রেমিকাকে আগুনে পুড়িয়ে মারার ঘটনায় কমিশনের পক্ষ থেকে দুই সদস্যের প্রতিনিধিদল আর কে পুর খানাবীন ধ্বজনগর এবং বনদুয়ারে তদন্তে যান। প্রতিনিধিদলটি কথা বলেন মৃত্যু গৃহবধু পিংকি দাসের মা এবং আত্মীয়সজনের সাথে মৃত্যুর মা জনান দাবীমত নগদ টাকা এবং জিনিষপত্র দিয়ে বিয়ে দেয়ার পর থেকেই পিংকির শাস্তি মিত্যে অভিযোগ করত পিংকি নাকি চুরী করে খেয়ে ফেলে, এরকম অভিযোগ এনে প্রতিনিয়তই শাস্তি এবং স্বামী নির্যাতন করতো। গত ১৩ মার্চ সকাল থেকেই শাস্তি ঝগড়া শুরু করে গৃহবধু পিংকির সাথে। সন্ধ্যাবেলা পিংকি যখন রান্না করছিল তখন পেছন দিক থেকে শাস্তি কেরোসিন ঢেলে পিংকির গায়ে আগুন ধরিয়ে দেয়। পিংকির স্বামী তখন বাড়ীতেই ছিল। যেটা পিংকি তার মায়ের কাছে জানায়। পিংকির অগ্নিদগ্ধ হবার খবর পেয়ে তার মা জি বি হাসপাতালে যান এবং দেখেন পিংকির চোখ পর্যন্ত পুড়ে গেছে। অবশেষে ১৪ মার্চ সকালে পিংকির মৃত্যু হয়। পিংকির পরিবারের আত্মীয়সজনেরা চাইছেন শাস্তি এবং স্বামীর কঠোর শাস্তি হোক।

প্রতিনিধিদলটি এরপর কথা বলেন বনদুয়ারের মৃত্যু পিংকি দেবনাথের মা এবং তার পরিবারবর্গের সাথে। একাদশ শ্রেণীতে পাঠরতা ১৭ বছর বয়সী পিংকি অগ্নিদগ্ধ হয় গত ১৯ মার্চ। একই শ্রেণীতে পাঠরত রাখল দাস। এদিনই পিংকির বাড়ীতে আসে ঘটনার কিছু সময় আগে। পিংকির মায়ের সাথে কথাও হয়। মেয়ে এবং রাখলকে বাড়ীতে রেখে পিংকির মা রীনা দেবনাথ যান প্রতিবেশীর বাড়ীতে। হঠাৎ করে মেয়ের 'বাঁচাও, বাঁচাও চিংকার শুনে রীনা দেবনাথ এবং প্রতিবেশীরা এসে দেখতে পান পিংকির সারা শরীরে দাউ দাউ করে আগুন জ্বলছে, পিংকি সারা বাড়ীতে দৌড়োঁড়ি করছে। অগ্নিদগ্ধ পিংকি তার মায়ের কাছে জানায় রাখল তার গায়ে কেরোসিন ঢেলে আগুন জ্বালিয়ে দিয়েছে। অবশেষে অগ্নিদগ্ধ পিংকির ১৬মার্চ মৃত্যু হয়। শোকে বিহ্বল পিংকির মা এবং আত্মীয়সজনেরা চাইছেন রাখলের কঠোর শাস্তি হোক।

উক্ত ঘটনা দুটির সৃষ্ট তদন্তক্রমে দোষি ব্যক্তিদের কঠোর শাস্তি দাবী করে মহিলা কমিশন।

21/3/2016
Smt. Manika Dutta Roy
Chairperson,
Tripura Commission for Women.